

সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সভাপতিত্বে এ বিভাগের অনুবিভাগ প্রধান ও আওতাধীন অধিদপ্তর সমূহের মহাপরিচালকগণের সমন্বয়ে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সময়াবস্থা কর্মপরিকল্পনা প্রণয়ন, প্রকল্প, অপারেশন প্ল্যান এবং APA যথাসময়ে বাস্তবায়নের নির্মিত অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি	:	শেখ ইউসুফ হারুন সচিব স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সভার স্থান	:	অফিস কক্ষ
তারিখ	:	১৯.১১.২০১৯ খ্রি:
সময়	:	সকাল ৯.০০ ঘটকা

(উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট-ক)

সভার শুরুতে সভাপতি সভায় উপস্থিত অনুবিভাগ প্রধান ও মহাপরিচালকগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় গত সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন অগ্রগতির বিষ্টারিত পর্যালোচনা ও বিষয়ভিত্তিক আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	APA এর বাস্তবায়ন পর্যালোচনা, আইন সমূহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও বার্ষিক প্রতিবেদন প্রণয়ন।	স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের APA এর বাস্তবায়ন ও আইন সমূহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং বার্ষিক প্রতিবেদন প্রণয়নের জন্য বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতির বিষয়ে সভায় বিষ্টারিত আলোচনা হয়।	০১। Allied Health Professional বিষয়ক আইনটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে গঠিত কমিটির প্রতিবেদন পাওয়ার পর কার্যক্রম গ্রহণ করতে হবে। ০২। আয়ুর্বেদিক আইনটির খসড়া আগামী ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। ০৩। আইন অনুবিভাগ কর্তৃক হোমিওপ্যাথিক আইনটির খসড়া আগামী ১০ ডিসেম্বর/ ২০১৯ খ্রি. তারিখের মধ্যে প্রণয়ন করতে হবে। অংশীজনদের সাথে আলোচনা করে আগামী ৩০ ডিসেম্বর তারিখের মধ্যে উক্ত আইনটি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। ০৪। বেসরকারী মেডিকেল কলেজ স্থাপন আইনটি মন্ত্রিপরিষদ বিভাগের পর্যবেক্ষণের প্রক্রিতে সংশোধন করে এ বিভাগের পরবর্তী সাম্প্রাহিক সভায় উপস্থাপন করতে হবে। ০৫। বেসরকারী মেডিকেল কলেজের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ বিধিমালা প্রণয়নের উদ্যোগ আগামী ১০ ডিসেম্বর/১৯ এর মধ্যে শুরু করতে হবে।	প্রশাসন অনুবিভাগ/ চিকিৎসা শিক্ষা অনুবিভাগ/ (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন)/ অনুবিভাগ সংশ্লিষ্ট সকল

		<p>০৬। Accreditation আইনটি এ সংক্রান্ত বৈদেশিক Exposure Visit এর অভিজ্ঞতার প্রেক্ষিতে সংশোধন করে মন্ত্রিপরিষদ বিভাগে আগামী ২০ ডিসেম্বর/ ২০১৯ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।</p> <p>০৭। মালেশিয়ার বিশ্ববিদ্যালয়ের সাথে Accreditation বিষয়ক MOU সম্পাদন করা যায় কিনা সে বিষয়ে লাইন ডাইরেক্টের (চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়ন) এবং এ বিভাগের চিকিৎসা শিক্ষা অনুবিভাগ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।</p> <p>০৮। বিভাজিত মন্ত্রণালয়ের বিভাগসমূহের গত বছরে প্রগতি বার্ষিক প্রতিবেদন এবং মন্ত্রিপরিষদ বিভাগের বার্ষিক প্রতিবেদন সংগ্রহ করে আগামী ১ সপ্তাহের মধ্যে এ বিভাগের প্রতিবেদন প্রকাশ নিশ্চিত করতে হবে।</p> <p>০৯। আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে গঠিত কমিটিকে নির্বাচনী ইশতেহার/২০১৮ এর আলোকে এ বিভাগের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন সম্পন্ন করতে হবে।</p> <p>১০। বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নের বিষয়ে এ বিভাগের সচিব এর সভাপতিত্বে ১টি সভা আহ্বান করতে হবে। এই বিভাগের উপপ্রধান সভাটি আহ্বান করবেন।</p> <p>১১। ‘শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়’ খুলনা এর খসড়া আইন প্রণয়ন জরুরী ভিত্তিতে করতে হবে।</p>		
২।	বাজেট বাস্তবায়ন	<p>বছরের শুরুতে বাজেট বাস্তবায়ন দরার্থিত না করায় এডিপি শতভাগ বাস্তবায়ন করা সম্ভব হয়নি। বর্তমান অর্থ বছরে এডিপি শতভাগ বাস্তবায়নের বিষয়ে বছরের শুরু থেকে পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</p>	<p>০১। পিপিআর এবং পিপিএ যথাযথ ভাবে অনুসরণ পূর্বক স্বচ্ছতার সাথে গুণগত মান নিশ্চিত করে সকল ক্রম প্রক্রিয়া যথাসময়ে সম্পন্ন করতে হবে।</p> <p>০২। এ বিভাগ এবং এর অধীনস্থ অধিদপ্তরের সরকারি, প্রকল্প ও বিদেশী সংস্থার পুরনো অকেজো গাড়ির তালিকা (গাড়ির নম্বর, মডেল, মেরামতযোগ্য কিনা উল্লেখপূর্বক) প্রণয়ন করে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে বিধিমোতাবেক পরিবহন পুলে জমা/নিলামে বিক্রি/ অকেজো ঘোষণা করার ব্যবস্থা নিতে হবে।</p>	<p>অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ/ উন্নয়ন অনুবিভাগ/ বাজেট অনুবিভাগ/ সংশ্লিষ্ট লাইন ডাইরেক্ট/ প্রকল্প পরিচালক/ উপপ্রধান</p>

			৩। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের নিলামে বিত্তিযোগ্য গাড়ী সমূহ নিলামে বিত্তির নিমিত্ত অধিদপ্তরের সংশ্লিষ্ট নিলাম কমিটির সুপারিশসহ আগামী ১৫ (পনের) দিনের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।	
৩।	স্থাপনা পুন:নির্মাণ ও মেরামত	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহের নির্মাণ/ মেরামতের বিষয়ে পূর্বের সভার সিদ্ধান্ত নিয়ে আলোচনা হয়।	<p>০১। ৫৭৬ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পুন:নির্মাণের প্রণিত ডিপিপি আগামী ১৫ দিনের মধ্যে যাচাই বাছাই করে পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।</p> <p>০২। 'বি' ক্যাটাগরিই ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলি মেরামত যথাযথভাবে সম্পর্করণ ও গুণগত মান নিশ্চিত করণের লক্ষ্যে মেরামতকালীন সময়ে সপ্তাহের শুক্র ও শনিবার উপসচিব ও তদুর্ধৰ পর্যায়ের কর্মকর্তাদের মাধ্যমে তদারকির ব্যবস্থা করতে হবে।</p>	মহাপরিচালক, অতিরিক্ত সচিব (প্রশাসন), অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও সংশ্লিষ্ট সকল
৪।	মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপনের ডিপিপি প্রণয়ন	রাজশাহী ও সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য ডিপিপি প্রণয়নের বিষয়ে সভায় আলোচনা হয়।	<p>০১। গত Steering Committee এর সভার সংশোধনীসহ রাজশাহী ও সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয় দুটির ডিপিপি Feasibility Study প্রতিবেদনসহ চূড়ান্ত করে আগামী ১ (এক) মাসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।</p> <p>০২। রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপনের নিমিত্তে অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমির ভিডিও চিত্রসহ বিষারিত প্রতিবেদন এবং বিকল্প ২টি জমির ভিডিও চিত্রসহ প্রতিবেদন আগামী ০৩ (তিনি) দিনের মধ্যে জেলা প্রশাসক, রাজশাহী এর নিকট থেকে সংগ্রহের জন্য এ বিভাগের উন্নয়ন অনুবিভাগ ব্যবস্থা গ্রহণ করবে।</p>	অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা)/উন্নয়ন অনুবিভাগ
৫।	মেডিকেল শিক্ষায় বেসিক বিষয়ের পোস্ট প্রাঞ্জুয়েশন এর ক্ষেত্রে চাহিদা অনুযায়ী (Need Based) আসন সংখ্যা সুনির্দিষ্ট করা ও বেসিক বিষয়ের চিকিৎসক এবং Non-practitioner ডাক্তারদের প্রগোদনা ভাতা প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়।	মেডিকেল শিক্ষায় পোস্ট প্রাঞ্জুয়েশন এর ক্ষেত্রে চাহিদা অনুযায়ী (Need Based) আসন সংখ্যা সুনির্দিষ্ট করা ও বেসিক বিষয়ের চিকিৎসক এবং Non-practitioner ডাক্তারদের প্রগোদনা ভাতা প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়।	<p>০১। উচ্চ শিক্ষা গ্রহণের ক্ষেত্রে বেসিক সাবজেক্টের আসন সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে মেডিকেল বিশ্ববিদ্যালয় সমূহের সংশ্লিষ্টদের নিয়ে সভা আহ্বান করতে হবে। অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) সভাটি আহ্বান করবেন।</p> <p>০২। বেসিক Subject এর চিকিৎসক এবং Non practitioner চিকিৎসকদের প্রগোদনা ভাতা প্রদানের বিষয়ে মাননীয় মন্ত্রীর সাথে আলোচনা করে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।</p>	অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা)/ বাজেট অনুবিভাগ

৬।	শূন্য পদে জনবল নিয়োগ	<p>স্বাস্থ্য শিক্ষা বিভাগ ও এর অধিনস্ত অধিদপ্তরের জনবল নিয়োগের বিষয়ে সভায় আলোচনা হয়।</p>	<p>০১। এ বিভাগ ও এর আওতাধীন অধিদপ্তর সমূহের শূন্যপদ পূরণের কার্যক্রম আগামী ১৫(পনের) দিনের মধ্যে শুরু করতে হবে।</p> <p>০২। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ১ম ও ২য় শ্রেণীর সর্বশেষ শূন্যপদের অধিযাচনপত্র (৩৯তম বিসিএস-এ উন্নীর্ণ ডাক্তার ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার হিসাবসহ) আগামী ৭(সাত) কর্মদিবসের মধ্যে বাংলাদেশ কর্মকমিশন সচিবালয়ে প্রেরণের নিমিত্ত এ বিভাগে প্রেরণ করতে হবে।</p> <p>০৩। সম্প্রতি পরিবার পরিবার অধিদপ্তরের আওতাধীন যে সকল পদ পূরণের ছাড়পত্র ইস্যু করা হয়েছে ঐ সকল পদে নিয়োগের কার্যক্রম গ্রহণ করতে হবে। তাহাতো নতুন কোন শূন্য পদ থাকলে তা পূরণের নিমিত্ত ছাড়পত্রের জন্য কার্যক্রম নিতে হবে।</p> <p>০৪। সরকারি মেডিকেল কলেজ, IHT ও MATS সমূহের নবনির্মিত ভবনের (এখনো হস্তান্তরিত/ উদ্বোধন হয়নি) তালিকা এবং যে সকল মেডিকেল কলেজ, IHT ও MATS এর রাজস্ব খাতে পদ সৃজিত হয়নি সে সকল প্রতিষ্ঠানের পদ সৃজনের তথ্যাদি সম্বলিত বিস্তারিত প্রতিবেদন আগামী ০৩ (তিনি) দিনের মধ্যে এ বিভাগের অতিরিক্ত সচিব (উপর্যবেক্ষণ) ও যুগ্মসচিব (পার) অধিশাখা এ বিভাগের সচিব এর নিকট উপস্থাপন করবেন।</p> <p>০৫। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ২০০৮ সালের পর থেকে বর্তমান সময় পর্যন্ত সৃজিত পদ সমূহ সংরক্ষণের উদ্যোগ আগামী ১৫(পনের) কর্মদিবসের মধ্যে গ্রহণ করতে হবে।</p> <p>৬। বিধি মোতাবেক নিয়ানারের নিয়োগ বিজ্ঞপ্তি দ্রুত প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	মহাপরিচালক (সকল), অতিরিক্ত সচিব, প্রশাসন/চিকিৎসা শিক্ষা অনুবিভাগ
----	--------------------------	--	--	--

৭।	বিবিধ	<p>সভায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরের বিবিধ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</p> <p>০১। Rules of Business অনুযায়ী এ বিভাগের কার্য পুন: বণ্টনের প্রস্তুতকৃত খসড়া প্রস্তাবটির বিষয়ে সভা করে পরিবর্তী কার্যক্রম গ্রহণের জন্য আগামী ১৫ (পনের) দিনের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।</p> <p>০২। একটি প্রসব বান্ধব ডেলিভারি সেন্টারের জন্য আদর্শ জনবল ও যন্ত্রপাতির তথ্যাদি সংগ্রহ করে ৪৯২ টি উপজেলায় ২ টি করে প্রসব বান্ধব সেন্টার চিহ্নিত করে তা দ্রুত চালু করার নিমিত্ত মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে একটি সভা সম্মিলিত সময়ের মধ্যে আস্থান করতে হবে।</p> <p>০৩। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অধীন গর্ভবতী মা-দের সেবা সহজী করণের বিষয়ে সংশ্লিষ্ট জেলা/উপজেলা সমূহের উন্নতক বৃদ্ধের অংশগ্রহণে অনুষ্ঠিত কর্মশালার মাধ্যমে প্রণীত কর্মপরিকল্পনা পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সাথে সমন্বয়পূর্বক আগামী ১৫ (পনের) দিনের মধ্যে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>০৪। বিদেশ প্রশিক্ষণ আয়োজনের নিমিত্ত দেশের নাম, প্রশিক্ষণ প্রতিষ্ঠান নির্বাচন ও প্রশিক্ষণসূচি (ক্লিনিকেল প্রশিক্ষণ ১ মাস মেয়াদি এবং সাধারণ প্রশিক্ষণ ১০ দিন মেয়াদি) ইত্যাদি মহাপরিচালক এবং লাইন ডাইরেক্টরদের সাথে সভা করে অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) আগামী ১ (এক) মাসের মধ্যে চূড়ান্ত করবেন।</p> <p>০৫। ১৫টি সরকারি নার্সিং কলেজ ও ৪৩ টি নার্সিং ইনসিটিউট এর খসড়া অর্গানোগ্রাম ও নিয়োগ বিধিমালা প্রণয়ন করে আগামী ১৫ (পনের) দিনের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।</p> <p>০৬। নার্সিং, IHT ও MATS এর পদ সূজনের ক্ষেত্রে Standard Setup ঠিক করে দিতে হবে।</p>	<p>প্রশাসন অনুবিভাগ/ জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন অনুবিভাগ/ উন্নয়ন অনুবিভাগ/ মহাপরিচালক (সকল) লাইন ডাইরেক্টর (সকল)</p> <p>অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন)/ মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ উপসচিব (জনসংখ্যা-২)</p>
----	-------	---	---

		<p>০৭। মহাপরিচালক, নিপোর্ট সিটি কর্পোরেশন/পৌরসভা এলাকায় বর্তমান পরিবার পরিকল্পনা সেবা প্রদান পক্ষতি পর্যালোচনা করে (আইন, বিধি-বিধান ও পক্ষতির আলোকে) এ বিষয়ে করণীয় নির্ধারণ করে এ বিভাগে প্রস্তাব প্রেরণ করবেন।</p> <p>০৮। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, সিটি কর্পোরেশন/পৌরসভা এলাকায় বর্তমান পরিবার পরিকল্পনা সেবা প্রদান পক্ষতি পর্যালোচনার বিষয়ে একটি কনসেপ্ট নোট মহাপরিচালক, নিপোর্টকে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে প্রদান করবেন।</p> <p>০৯। গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলার মাতৃ মৃত্যুর হার শূন্যের কোটায় নামিয়ে আনার ক্ষেত্রে মাননীয় সংসদ সদস্য মহোদয়ের গৃহীত উদ্যোগ সরেজমিন যাচাই করে মাননীয় মন্ত্রীর ডি ও লেটারের মাধ্যমে তা সকল মাননীয় সংসদ সদস্যকে অবহিত করার উদ্যোগ আগামী ১৫ (পনের) দিনের মধ্যে গ্রহণ করতে হবে।</p> <p>১০। সকল কর্মকর্তা ও কর্মচারীকে নিয়মিতভাবে যথাসময়ে ডিজিটাল হাজিরা দিতে হবে।</p> <p>১১। ইউনিয়ন পরিষদের প্রতিটি (৯ টি) ওয়ার্ডে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মাঠ পর্যায়ের পদ সূজন করা যায় কিনা তা যাচাই করে এ বিষয়ে মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর এ বিভাগে প্রস্তাব প্রেরণ করবেন।</p> <p>১২। খুলনা বিভাগের বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়টি দ্রুততার সাথে ইন্টার্ন করতে হবে।</p> <p>১৩। এ বিভাগের আওতাধীন সকল স্থাপনা মেরামত ও নির্মাণের ক্ষেত্রে (ছবিসহ প্রোফাইল) মনিটরিং করার জন্য কোনো এ্যাপস তৈরি করা যায় কিনা সে বিষয়ে কার্যক্রম নিতে হবে।</p>	সংশ্লিষ্ট সকল
		<p>১০। সকল কর্মকর্তা ও কর্মচারীকে নিয়মিতভাবে যথাসময়ে ডিজিটাল হাজিরা দিতে হবে।</p> <p>১১। ইউনিয়ন পরিষদের প্রতিটি (৯ টি) ওয়ার্ডে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মাঠ পর্যায়ের পদ সূজন করা যায় কিনা তা যাচাই করে এ বিষয়ে মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর এ বিভাগে প্রস্তাব প্রেরণ করবেন।</p> <p>১২। খুলনা বিভাগের বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়টি দ্রুততার সাথে ইন্টার্ন করতে হবে।</p> <p>১৩। এ বিভাগের আওতাধীন সকল স্থাপনা মেরামত ও নির্মাণের ক্ষেত্রে (ছবিসহ প্রোফাইল) মনিটরিং করার জন্য কোনো এ্যাপস তৈরি করা যায় কিনা সে বিষয়ে কার্যক্রম নিতে হবে।</p>	সংশ্লিষ্ট অনুবিভাগ

		<p>১৪। ত্রিপল্ফীয় অডিট আপন্তি নিষ্পত্তির লক্ষ্যে আগামী ১৫ দিনের মধ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>১৫। সকল সরকারী মেডিকেল কলেজের ক্রয়কৃত যন্ত্রপাতির তালিকা প্রস্তুত করতে হবে।</p> <p>১৬। এ বিভাগের আওতাধীন অধিদপ্তর সমূহের ৩য় ও ৪র্থ শ্রেণীর জনবল নিয়োগের নিয়োগ বিধিমালা প্রণয়ন আগামী এক মাসের মধ্যে শেষ করতে হবে।</p> <p>১৭। Population Council এর সভা আহ্বান এর লক্ষ্যে নির্বাহী কমিটির সভা আহ্বান করতে হবে।</p> <p>১৮। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের প্রধান কার্যালয়ে ৩ বছর ও এর তদুর্ধি সময়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের তালিকা আগামী ০৭ (সাত) দিনের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।</p>	<p>অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) অনুবিভাগ মহাপরিচালক (সকল)</p>
--	--	---	---

০২। সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(শেখ ইউসুফ হারুন)

সচিব

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যোত্তার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/ নিপোর্ট
- ২। অনুবিভাগ প্রধান (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ৩। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ৪। যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ৫। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর
- ৬। পরিচালক, চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৭। লাইন ডাইরেক্টর/ প্রকল্প পরিচালক (সকল), -----
- ৮। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯। উপসচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ১০। উপপ্রধান, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ১১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ১২। ~~সিলেক্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)~~
- ১৩। টেকনিক্যাল ম্যানেজার (টেমো), মহাখালী, ঢাকা
- ১৪। অফিস কপি



(মো: আনোয়ার হোছাইন আকন্দ)
 উপসচিব (প্রশাসন-১)
 ফোন-৯৫৪৫৮২০